

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৪৯

শান্তিরবাজার, ০৩ অক্টোবর, ২০২৪

### শান্তিরবাজারে কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন

যথাযোগ্য মর্যাদায় সুর সন্মিটি কুমার শচীন দেববর্মণের ১১৮ তম জন্মজয়ন্তী গত ১ অক্টোবর বাইখোর কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতেই কুমার শচীন দেববর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ দিয়ে শ্রদ্ধা জানান শান্তিরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত, ভাইস চেয়ারম্যান কেশব চৌধুরী, শান্তিরবাজার পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক কমিটির সভাপতি নেপাল চন্দ্র দাস প্রমুখ। কুমার শচীন দেববর্মণের সঙ্গীতময় জীবনের নানা দিক তুলে ধরে অতিথিগণ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চরকবাই গ্রাম পঞ্চায়েতের প্রধান ভবানী দাস গোস্বামী।

\*\*\*\*\*